উপজেলা পরিষদ কার্যালয়
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদের অক্টোবর ২০২৩ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোহাম্মদ রিয়াজ উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সিরাজগঞ্জ সদর

তারিখ : ১২/১০/২০২৩

সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ এবং কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সভাপতির সম্মতিক্রমে জনাব মোঃ মনোয়ার হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর সভার কার্যক্রম পরিচালনা করেন। এরপর তিনি গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং উক্ত কার্যবিবরণী সংক্রান্ত কোনরুপ সংশোধণী না থাকায় তা অনুমোদন করা হয়। এরপর সভার আলোচ্যসূচী মোতাবেক সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ | ১০ -০০ ভোটে অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনাঃ | গত সভার সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়ন হয়েছে। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। |
| ০৩ | **২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি বরাদ্দ এবং রাজস্ব উদ্বৃত্ত অর্থদ্বারা গৃহীত প্রকল্প সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ বলেন যে, ইতোমধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি'র ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি'র আওতায় গৃহীত চূড়ান্ত প্রকল্প তালিকা প্রস্তুতের নিমিত্ত পুনরায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দসহ সংশ্লিষ্ট সকলের নিকট হতে প্রকল্প আহ্বান করেন। | বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি'র আওতায় চূড়ান্ত প্রকল্প তালিকা প্রস্তুতের নিমিত্ত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে ২৫ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখের মধ্যে তালিকা প্রেরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সিরাজগঞ্জ সদর কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। |
| ০৪ | সরকারি বিধি-বিধান সর্ম্পকে আলোচনা ও পর্যালোচনাঃ | -- | -- |
| ০৫ | মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশ এর উপর আলোচনাঃ | | -- |
| ০৬ | পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনাঃ উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর সভায় জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে ২৭/০৯/২০২৩ পর্যন্ত আগত জের=৬,৮০,৭৭,৮৭০/৯৭ টাকা, ২৭/০৯/২০২৩ হতে ১২/১০/২০২৩ পর্যন্ত জমাকৃত টাকার পরিমাণ= ০০ টাকা। ২৭/০৯/২০২৩ হতে ১২/১০/২০২৩ পর্যন্ত | এ অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। |

অপর পাতা/২

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ব্যয়=১,৭৬,৯২৪/- বর্তমান স্থিতির পরিমাণ =৬,৭৯,০০,৯৪৬/৯৭ টাকা (এ তহবিলের উৎস হচ্ছে উপজেলা পরিষদের বাসাবাড়ী হতে প্রাপ্ত আয়, বিভিন্ন কর/রেট/টোল বাবদ প্রাপ্ত অর্থ, হাট-বাজার ইজারালব্ধ অর্থ(অবশিষ্ট ৪১%), ভূমি হস্তান্তর করের ১%, ভূমি উন্নয়ন করের ২%, পরিষদে ন্যস্ত বা তৎকর্তৃক পরিচালিত সম্পত্তি হতে প্রাপ্ত আয় বা মুনাফা, প্রতিষ্ঠান বা ব্যক্তি কর্তৃক প্রদত্ত অনুদান, পরিষদের অর্থ বিনিয়োগ হতে প্রাপ্ত মুনাফা, সরকারের নির্দেশে পরিষদে ন্যস্ত অন্যান্য আয়ের উৎস হতে প্রাপ্ত অর্থ ইত্যাদি) । | | |
| ০৭ | স্থায়ী কমিটির সভার সুপারিশ বিষয়ে আলোচনাঃ- | -- | -- |
| ০৮ | উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত স্থানান্তর বিষয়ক আলোচনাঃ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৬ ফেব্রুয়ারী ২০২০ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৫ নং অনুচ্ছেদের (গ) উপানুচ্ছেদ মোতাবেক সভায় উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর বলেন যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে ৩০ জুন ২০২৩ তারিখে স্থিতির পরিমাণ ৫,০১,৪৪,৯৮২/১০ (পাঁচ কোটি এক লক্ষ চুয়াল্লিশ হাজার নয়শত বিরাশি টাকা দশ পঁয়সা) টাকা মাত্র। এর মধ্যে রাজস্ব তহবিলে ১০% টাকা [৫০,১৪,৪৯৮/২১ (পঞ্চাশ লক্ষ চৌদ্দ হাজার চারশত আটানব্বই টাকা একুশ পঁয়সা)] টাকা স্থিতি রেখে অবশিষ্ট ৪,৫১,৩০,৪৮৩/৮৯ (চার কোটি একান্ন লক্ষ ত্রিশ হাজার চারশত তিরাশি টাকা উননব্বই পঁয়সা) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হিসাব নম্বর ০২০০০০২৩২৪৯৭৮. অগ্রণী ব্যাংক লি. নিউ মার্কেট শাখা, সিরাজগঞ্জ- এ স্থানান্তর করা একান্ত প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে ৩০ জুন ২০২৩ তারিখে স্থিতির পরিমাণ ৫,০১,৪৪,৯৮২/১০ (পাঁচ কোটি এক লক্ষ চুয়াল্লিশ হাজার নয়শত বিরাশি টাকা দশ পঁয়সা) টাকা মাত্র। এর মধ্যে রাজস্ব তহবিলে ১০% টাকা [৫০,১৪,৪৯৮/২১ (পঞ্চাশ লক্ষ চৌদ্দ হাজার চারশত আটানব্বই টাকা একুশ পঁয়সা)] টাকা স্থিতি রেখে অবশিষ্ট ৪,৫১,৩০,৪৮৩/৮৯ (চার কোটি একান্ন লক্ষ ত্রিশ হাজার চারশত তিরাশি টাকা উননব্বই পঁয়সা) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হিসাব নম্বর ০২০০০০২৩২৪৯৭৮. অগ্রণী ব্যাংক লি. নিউ মার্কেট শাখা, সিরাজগঞ্জ এ স্থানান্তর করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। |
| ০৯ | বিভাগীয় আলোচনাঃ (০১)ঃ নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ বিষয়ক আলোচনাঃ সভায় উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর বলেন যে, অত্যাবশ্যকীয় পণ্যের বাজার যাতে কোন অবস্থাতেই কোন বিশেষ ব্যক্তি/গোষ্ঠী কৃত্রিম সংকট সৃষ্টি না করে সেদিকে নজরদারী জোরদার করে মূল্য স্থিতিশীল, নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ , বিপণন যৌক্তিক পর্যায়ে রাখা, খাদ্যে ক্ষতিকারক রাসায়নিক দ্রব্য না মেশানো, প্রত্যেক হাট-বাজারে অত্যাবশ্যকীয় ভোগ্য পণ্য সামগ্রীর খুচরা এবং পাইকারী মূল্য তালিকা/হালনাগাদ তালিকা বাজারের জনবহুল স্থানে ও প্রত্যেক দোকানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।<br>স্তারিত আলোচনা করেন।<br><br>বিভাগীয় আলোচনাঃ (০২)ঃ সভায় ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, সিরাজগঞ্জ সদর বলেন যে, পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ | (০১) বিস্তারিত আলোচনান্তে অত্যাবশ্যকীয় পণ্যের বাজার যাতে কোন অবস্থাতেই কোন বিশেষ ব্যক্তি/গোষ্ঠী কৃত্রিম সংকট সৃষ্টি না করে সেদিকে নজরদারী জোরদার করে মূল্য স্থিতিশীল, নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ , বিপণন যৌক্তিক পর্যায়ে রাখা, খাদ্যে ক্ষতিকারক রাসায়নিক দ্রব্য না মেশানো, প্রত্যেক হাট-বাজারে অত্যাবশ্যকীয় ভোগ্য পণ্য সামগ্রীর খুচরা এবং পাইকারী মূল্য তালিকা/হালনাগাদ তালিকা বাজারের জনবহুল স্থানে ও প্রত্যেক দোকানে প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(০২) বিস্তারিত আলোচনান্তে সিরাজগঞ্জ সদর উপজেলায় পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রনে প্রয়োজনীয় সকল ব্যবস্থা | (০১) মেয়র, সিরাজগঞ্জ পৌরসভা, উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান (সকল) ও ব্যবসায়ী প্রতিনিধি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ/ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি।<br>(০২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, |

অপর পাতা/৩

| | | | |
|---|---|---|---|
| | প্রকল্পের অধীনে ৩০ সেপ্টেম্বর ২০২৩ হতে ০৯ অক্টোবর ২০২৩ পর্যন্ত সারা দেশের মত সিরাজগঞ্জ সদর উপজেলাতে একযোগে সকল ইউনিয়নে পিপিআর রোগের টিকা দেয়া হয়েছে । এরপরেও যদি কোন এলাকায় কোন ছাগল বা ভেড়া টিকা কার্যক্রম থেকে বাদ পড়লে সংশ্লিষ্ট ইউনিয়নে ভ্যাকসিনেটরের এর সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হয়। এসকল বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কে অনুরোধ করা হয়। | সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। |
| | **বিভাগীয় আলোচনাঃ (০৩)ঃ** সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ বলেন যে, মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩, ১২ অক্টোবর হতে ০২ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। এসময় সারাদেশ ব্যাপি ইলিশ মাছ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ ও দন্ডনীয় অপরাধ। মা ইলিশ সংরক্ষণ অভিযান উপলক্ষ্যে সিরাজগঞ্জ সদর উপজেলার ১৯৯৩ জন মৎস্যজীবীকে ২২ দিনের জন্য ২৫ কেজি করে ভিজিএফ (চাল) বিতরণ করা হয়েছে। এসকল বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (০৩) বিস্তারিত আলোচনান্তে মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৩ সফল করণের নিমিত্ত এবং যথাসময়ে ভিজিএফ (চাল) বিতরণ সম্পন্ন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | (০৩) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ/ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। |
| | **বিভাগীয় আলোচনাঃ (০৪)ঃ** সভায় উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ বলেন যে, চলতি রোপা আমন মৌসুমে ১১৯৯৫ হেক্টর জমিতে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ১২০০০ হেক্টর জমিতে রোপা আমন রোপন সম্পন্ন হয়েছে। এছাড়া ৪৬০ হেক্টর জমিতে মাসকলাই, ৬৬০ হেক্টর জমিতে সবজি, ৩০ হেক্টর জমিতে মরিচ আবাদ হয়েছে। রোপা আমনে মাঠ ফসলের সার্বিক অবস্থা ভালো। সারের কোন সংকট নেই। কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে রবি/২০২৩-২০২৪ মৌসুমে গম, ভূট্টা, সরিষা, সূর্যমুখী চীনাবাদাম, শীত:পেঁয়াজ, মুগ, মসুর ও খেসারী ফসল আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ৫৯৮০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হবে। প্রণোদনার আওতায় ১৯৮০ জন কৃষক সরিষা, ১৯৪০ জন কৃষক গম, ১০০০ জন ভূট্টা, ২০ জন কৃষক সূর্যমুখী, ৪৪০ জন কৃষক চীনাবাদাম, ১০০ জন কৃষক শীত:পেঁয়াজ, ১১০ জন কৃষক মুগ, ৩৩০ জন কৃষক মসুর, ৬০ জন কৃষক পল খেসারী ফসল আবাদের জন্য বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সহায়তা করা হবে। ইতোমধ্যে ইউনিয়ন ভিত্তিক বিভাজন করা হয়েছে এবং অগ্রাধিকার তালিকা প্রণয়নে কাজ চলছে। আগামী ২১ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখে ১৯৮০ জন কৃষক কে বিনামূল্যে সরিষা বীজ রাসায়নিক সার বিতরণ করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (০৪) বিস্তারিত আলোচনান্তে কৃষি প্রণোদনা বিতরণের লক্ষ্যে স্বচ্ছ সুবিধাভোগীর তালিকা প্রস্তুত এবং খাদ্য সংকট নিরসনে সকল অনাবাদি জমিতে চাষাবাদ করা ও কৃষকদের মাঝে প্রয়োজনীয় সহযোগীতা এবং পরামর্শ প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জসহ সংশ্লিষ্ট সকল কে অনুরোধ করা হয়। | (০৪) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ /উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর, উপজেলা প্রকৌশলী, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ, সহকারী প্রকৌশলী বিএডিসি, সিরাজগঞ্জ জোন এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিটি। |
| | **বিভাগীয় আলোচনাঃ (০৫)ঃ** সভায় চেয়ারম্যান ০৩ নং বহুলী ইউপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ বলেন যে, আসন্ন দূর্গা পূজা উপলক্ষে উপলক্ষ্যে ঘরমুখো মানুষের চলাচল নির্বিঘ্ন করার নিমিত্ত জনগুরুত্বপূর্ণ রাস্তাসমূহ মেরামত করা বিশেষ প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | (০৫) বিস্তারিত আলোচনান্তে দূর্গা পূজা উপলক্ষ্যে ঘরমুখো মানুষের চলাচল নির্বিঘ্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে স্ব স্ব এলাকার আঞ্চলিক সড়ক সমূহ প্রয়োজনীয় মেরামতের বিষয়ে অনুরোধ করা হয়। | (০৫) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), সিরাজগঞ্জ সদর, |

অপর পাতা/৪

| | | | |
|---|---|---|---|
| | | | সিরাজগঞ্জ এ. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সিরাজগঞ্জ সদর ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। |
| | বিভাগীয় আলোচনাঃ (০৬)ঃ সভায় চেয়ারম্যান ০৫ নং খোকশাবাড়ী ইউপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ বলেন যে, বর্তমানে জন্ম নিবন্ধন প্রক্রিয়ায় ধীরগতি থাকায় সেবাগ্রহীতারা ব্যাপকভাবে ভোগান্তীর স্বীকার হচ্ছে। সেবাগ্রহীতাদের ভোগান্তী লাঘবে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (০৬) সভায় বিস্তারিত আলোচনান্তে জন্ম নিবন্ধন প্রক্রিয়া গতিশীল করার লক্ষ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | (০৬) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। |
| | বিভাগীয় আলোচনাঃ (০৭)ঃ সভায় চেয়ারম্যান চেয়ারম্যান, ০১ নং রতনকান্দি ইউনিয়ন পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ টিসিবি কর্তৃক পরিচালিত ভর্তুকি মূল্যে নিম্ন আয়ের মানুষের নিকট নিত্য প্রয়োজনীয় পণ্য বিক্রয় তালিকা সংশোধনের বিষয়টি সভায় উপস্থাপন করেন। | (০৭) বিস্তারিত আলোচনান্তে স্বচ্ছ ভর্তুকি মূল্যে নিম্ন আয়ের মানুষের নিকট নিত্য প্রয়োজনীয় পণ্য বিক্রয় তালিকা প্রস্তুতের নিমিত্ত (সংশোধনের) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ কে অনুরোধ করা হয়। | (০৭) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। |
| | বিভাগীয় আলোচনাঃ (০৮) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"র উপর আলোচনাঃ সভায় জনাব মোঃ শরিফুল ইসলাম, ইউডিএফ, ইউজিডিপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ বলেন যে, ২০২২-২০২৩ অর্থবছরে সিরাজগঞ্জ সদর উপজেলায় বাস্তবায়নের নিমিত্ত ০৪ টি প্রকল্প উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা বরাবর প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে প্রেরিত প্রকল্পসমূহ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগের ১৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৬)২০২৩-৫৭৯ (০২) স্মারক মূলে বাস্তবায়নের নিমিত্ত সম্মতি পাওয়া গিয়েছে এবং টেন্ডার আহ্বান করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (০৮) বিস্তারিত আলোচনান্তে প্রকল্প সমূহ যথাসময়ে এবং স্পেসিফিকেশন মোতাবেক বাস্তবায়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | (০৮) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর,সিরাজগঞ্জ/ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ/ ইউডিএফ, ইউজিডিপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ এবং সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। |
| | বিভাগীয় আলোচনাঃ (০৯)ঃ সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ বলেন যে, (ক) উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা বহি ও পঞ্চবার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা বহি প্রণনয়ন করা একান্ত প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। (খ) চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে জনস্বাস্থ্য অধিদপ্তরের আওতায় প্রাপ্ত নলকূপ সমূহ দ্রুততম সময়ের মধ্যে স্থান নির্বাচন করে বাস্তবায়ন ও কমিউনিটি নলকূপের আওতাধীন | (০৯) বিস্তারিত আলোচান্তে (ক) উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা বহি ও পঞ্চবার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা বহি প্রণনয়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর কে অনুরোধ করা হয়। (খ) চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে জনস্বাস্থ্য | (০৯) (ক) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। (খ)উপজেলা নির্বাহী অফিসার,সিরাজগঞ্জ |

অপর পাতা/৫

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সকল সদস্যদের সংযোগ প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। (গ) আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোট কেন্দ্রেগামী রাস্তা সমূহ প্রয়োজনীয় মেরামতের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং (ঘ) কৃষি প্রণোদনা সমূহ সঠিক তালিকা প্রস্তুত পূর্বক প্রকৃত চাষীদের মাঝে বিতরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | অধিদপ্তরের আওতায় প্রাপ্ত নলকূপ সমূহ দ্রুততম সময়ের মধ্যে স্থান নির্বাচন করে বাস্তবায়ন ও কমিউনিটি নলকূপের আওতাধীন সকল সদস্যদের সংযোগ প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোট কেন্দ্রেগামী রাস্তা সমূহ জরুরী ভিত্তিতে মেরামতে বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডি এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং (ঘ) কৃষি প্রণোদনা সমূহ সঠিক তালিকা প্রস্তুত পূর্বক প্রকৃত চাষীদের মাঝে বিতরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিতরণে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কে অনুরোধ করা হয়। | সদর,সিরাজগঞ্জ/ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ এবং সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। (গ)উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর সিরাজগঞ্জ এবং সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি এবং (ঘ) উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি অফিসার এবং ইউপি চেয়ারম্যান (সকল)/ সিরাজগঞ্জ সদর সিরাজগঞ্জ এবং সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। |
| ১০ | বিবিধ আলোচনাঃ- (০১)ঃ সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ এর সেপ্টেম্বর ২০২৩ মাসের ভ্রমণ ব্যয় বিল বাবদ ১২,৫০০/- টাকা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর এর সেপ্টেম্বর ২০২৩ মাসের ভ্রমণ ব্যয় বিল বাবদ ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর এর সেপ্টেম্বর ২০২৩ মাসের ভ্রমণ ব্যয় বিল বাবদ ১০,০০০/- টাকা পরিশোধের নিমিত্ত বিলগুলো সদস্য-সচিব উপস্থাপন করেন। তিনি বলেন যে, সরকারি নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের ভ্রমণ ব্যয় বিল পরিশোধের পূর্বে উপজেলা পরিষদের সভায় অনুমোদন করা প্রয়োজন। বিষয়টি সভায় বিশদ আলোচনা করা হয়।<br>বিবিধ আলোচনাঃ-০২ঃ সভায় উপজেলা নির্বাহী অফিসার, | (০১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ এর সেপ্টেম্বর ২০২৩ মাসের ভ্রমণ ব্যয় বিল বাবদ ১২,৫০০/- টাকা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর এর সেপ্টেম্বর ২০২৩ মাসের ভ্রমণ ব্যয় বিল বাবদ ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর এর সেপ্টেম্বর ২০২৩ মাসের ভ্রমণ ব্যয় বিল বাবদ ১০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(০২) বিস্তারিত আলোচনান্তে সরকার কর্তৃক | (০১) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।<br>(০২) উপজেলা |

অপর পাতা/৬

| | | | |
|---|---|---|---|
| | সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ জনাব সজিব হরিজন, পিতা- বাবু, মাতা- গীতা রানী, গ্রাম- শেরে বাংলা ফজলুল হক রোড, ডাকঘর- সিরাজগঞ্জ, উপজেলা- সিরাজগঞ্জ সদর, জেলা- সিরাজগঞ্জ এর ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের দাখিলকৃত একখানা আবেদনপত্র উপস্থাপন করেন। পত্রে আবেদনকারী সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদে দৈনিক মজুরীর ভিত্তিতে পরিচ্ছন্নতাকর্মী পদে নিয়োগ পাওয়ার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ বরাবর আবেদন করেছেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ বলেন যে, উপজেলা পরিষদে ইতোপূর্বে নিয়োগকৃত পরিচ্ছন্নতাকর্মী স্বেচ্ছায় চাকুরী হতে অব্যহতি নেওয়ায় উপজেলা পরিষদ অফিস ভবনসহ আবাসিক এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য একজন পরিচ্ছন্নতাকর্মী নিয়োগকরা বিশেষ প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকার ধারা ৫ অনুযায়ী সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধ সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে সরকার কর্তৃক অনুমোদিত হারে দৈনিক মজুরির ভিত্তিতে (সরকারি ছুটির দিন ব্যতীত) উপজেলা পরিষদের পরিচ্ছন্নতাকর্মী হিসেবে নিয়োগ প্রদান করা যায়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আরোপিত বিধি-নিষেধ সাপেক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে সরকার কর্তৃক অনুমোদিত হারে দৈনিক মজুরির ভিত্তিতে (সরকারি ছুটির দিন ব্যতিত) আবেদনকারী জনাব সজিব হরিজন, পিতা- বাবু, মাতা- গীতা রানী, গ্রাম- শেরে বাংলা ফজলুল হক রোড, ডাকঘর- সিরাজগঞ্জ, উপজেলা- সিরাজগঞ্জ সদর, জেলা- সিরাজগঞ্জ কে পৃথক শর্তযুক্ত নিয়োগপত্র প্রদানের শর্তে সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদের পরিচ্ছন্নতাকর্মী পদে নিয়োগ প্রদানের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। |
| | বিবিধ আলোচনাঃ (০৩)ঃ সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে,স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৬ ফেব্রুয়ারী ২০২০ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে (ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ নং অনুচ্ছেদের (ছ) আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত হতে উপজেলা পরিষদ কার্যালয়ের পুরাতন বিভিন্ন চেয়ার, টেবিল মেরামত বাবদ ৫০,০০০(পঞ্চাশ হাজার) টাকা এবং নতুন চেয়ার, টেবিল, আলমিরা, ফাইল কেবিনেটসহ অন্যান্য আসবাবপত্র ক্রয় বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা (খ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ নং অনুচ্ছেদের (ঞ) অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে উপজেলা পরিষদের ফটোকপিয়ার মেশিন, কম্পিউটার ও প্রিন্টার মেরামতের নিমিত্ত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং (গ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ নং অনুচ্ছেদের (প) ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপনের নিমিত্ত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (০৩) সভায় বিস্তারিত আলোচনান্তে,স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৬ ফেব্রুয়ারী ২০২০ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকের নির্দেশনা মোতাবেক (ক) উপজেলা পরিষদ কার্যালয়ের পুরাতন বিভিন্ন চেয়ার, টেবিল মেরামত বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং নতুন চেয়ার, টেবিল, আলমিরা, ফাইল কেবিনেটসহ অন্যান্য আসবাবপত্র ক্রয় বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা (খ) উপজেলা পরিষদের ফটোকপিয়ার মেশিন, কম্পিউটার ও প্রিন্টার মেরামতের নিমিত্ত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং (গ) উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপনের নিমিত্ত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | (০৩) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ এবং সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। |
| | বিবিধ আলোচনাঃ (০৪)ঃ উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ সভায় জানান যে, জনাব মোঃ হাবিবুর রহমান, পিতা মৃত- সিকান্দার আলী মন্ডল, গ্রাম- মহিষামুড়া দক্ষিণ পাড়া, ডাকঘর- একডালা, উপজেলা- সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, | (০৪) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ নং অনুচ্ছেদের (ঘ) অপ্রত্যাশিত খাতে ব্যয় উপানুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল | (০৪) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ এবং সংশ্লিষ্ট বিভাগীয় |

অপর পাতা-৭

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ বরাবর অগ্নিকান্ডে ০১টি গরু, ০৪টি ছাগল ও অন্যান্য আসবাবপত্র পুড়ে ক্ষতিগ্রস্থ হওয়ায় আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন। বিষয় টি সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ব্যবহার নির্দেশিকা অনুযায়ী অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় জনাব মোঃ হবিবুর রহমান, পিতা মৃত- সিকান্দার আলী মন্ডল, গ্রাম- মহিষামুড়া দক্ষিণ পাড়া, ডাকঘর- একডালা, উপজেলা- সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ এর অনুকূলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ২০২৩-২০২৪ অর্থ বছরে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান ও কমিটি। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ রিয়াজ উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

স্মারক নং- ০৫.৪৩.৮৮৭৮.০০০.২৬.০০১.১৬-১৪৬১(৪০)
তারিখঃ ১২/১০/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৬২ সিরাজগঞ্জ-১ ও ৬৩ সিরাজগঞ্জ-২ নির্বাচনী এলাকা, সিরাজগঞ্জ।
০২। মাননীয় সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৫। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।
০৭। মেয়র, সিরাজগঞ্জ পৌরসভা, সিরাজগঞ্জ।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর।
০৯। উপজেলা.....................................................................................কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর।
১০। চেয়ারম্যান.................................................................................. (সকল) ইউপি, সিরাজগঞ্জ সদর।

(মোঃ মনোয়ার হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ
+৮৮০২৫৮৮৮৩০৮৪১.

পরিশিষ্ট-"ক"
সভায় উপস্থিত সদস্যবৃন্দ ও কর্মকর্তাদের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে)ঃ
জনপ্রতিনিধিঃ
০১। জনাব মোহাম্মদ রিয়াজ উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

অপর পাতা/৮

০২। জনাব এস এম নাছিম রেজা নুর, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৩। জনাব হাসনা হেনা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

বিভাগীয় প্রধানগণঃ

০১। জনাব মোঃ মনোয়ার হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০২। জনাব মোঃ আনোয়ার সাদাত, উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৩। জনাব মোঃ আনোয়ার হোসেন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৪। জনাব ডা. আশীষ কুমার দেবনাথ, ভেটেরিনারী সার্জন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার কার্যালয়, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৫। জনাব মোঃ আবুল কালাম আজাদ মোল্লা, উপজেলা প্রকৌশলী এলজিইডি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৬। জনাব মোঃ সোহেল রানা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৭। জনাব ডা. ফারহা বিনতে রহিম, মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৮। জনাব এলিজা সুলতান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৯। জনাব মোঃ সিরাজুম মুনীর, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
১০। জনাব মোঃ সাইদুল হক, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
১১। জনাব আতিকুর রহমান, সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সিরাজগঞ্জ।
১২। মোঃ মামুন সেখ, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
১৩। জনাব মোঃ রবিউল করিম, পল্লী বিদ্যুৎ সমিতি -২, শিয়ালকোল, এমএসসি, সিরাজগঞ্জ।
১৪। জনাব মীর মোহাম্মদ শফি, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
১৫। জনাব মোঃ মামুনুর রশিদ খান, উপজেলা বন কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
১৬। জনাব মোঃ সাদিকুল ইসলাম, সিনিয়র শিক্ষক, বি.এল সরকারি উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ।
১৭। জনাব মোঃ ইউসূফ আলী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
১৮। জনাব আবু হাছিফ মল্লিক, প্রতিনিধি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
১৯। জনাব মোছাঃ মাছুমা আক্তার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
২০। জনাব মোঃ আব্দুস সাত্তার, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
২১। জনাব মোঃ আল আমিন হোসাইন, পল্লী সঞ্চয় ব্যাংক, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
২২। জনাব মোঃ শরীফুল ইসলাম, ইউডিএফ, ইউজিডিপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

পরিশিষ্ট "খ"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ও কর্মকর্তাদের তালিকা ঃ

জনপ্রতিনিধিঃ

০১। মেয়র, সিরাজগঞ্জ পৌরসভা, সিরাজগঞ্জ।
০২। চেয়ারম্যান ০১ নং রতনকান্দি ইউপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৩। চেয়ারম্যান ০২ নং বাগবাটি ইউপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৪। চেয়ারম্যান ০৩ নং বহুলী ইউপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৫। চেয়ারম্যান ০৪ নং শিয়ালকোল ইউপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৬। চেয়ারম্যান ০৫ নং খোকশাবাড়ী ইউপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৭। চেয়ারম্যান ০৬ নং ছোনগাছা ইউপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৮। চেয়ারম্যান ০৭ নং মেছড়া ইউপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
০৯। চেয়ারম্যান ০৮ নং কাওয়াকোলা ইউপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
১০। চেয়ারম্যান ০৯ নং কালিয়াহরিপুর ইউপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
১১। চেয়ারম্যান ১০ নং সয়দাবাদ ইউপি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

কর্মকর্তাঃ

০১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

CamScanner